**Apex Holdings Limited**
Shanta Skymark, Levels: 8th-13th,18 Gulshan Avenue, Dhaka-1212
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850

AHL/Admin/CLP/001/0170

# শিশু শ্রম নীতিমালা

## CHILD LABOR POLICY

☐ এপেক্স ল্যানজারী লিমিটেড ☐ এপেক্স ইয়ার্ন ডাইং লিমিটেড ☐ এপেক্স ফ্যাশন ওয়্যার লিমিটেড
☐ এপেক্স স্পিনিং এন্ড নিটিং মিলস্ লিমিটেড ☐ এপেক্স টেক্সটাইল প্রিন্টিং মিলস্ লিমিটেড

### ১.০ মূলনীতি ঃ

উৎপাদনের সকল স্তরে শিশুশ্রম বা শিশু শ্রমিক নিয়োগ সম্পূর্ন নিষিদ্ধ। যে কোন প্রকার নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর কর্মযোগ্যতাকেই অন্যতম শর্ত হিসেবে বিবেচনা করা হয়। এক্ষেত্রে সকল প্রার্থীকে অবশ্যই স্বাস্থ্য পরীক্ষায় শারীরিক ও মানসিকভাবে কর্মক্ষম সু-স্বাস্থের অধিকারী এবং বয়স যাচাই এ প্রাপ্ত বয়স্ক হতে হবে। প্রার্থীর বয়স সঠিক ভাবে প্রমানিত হওয়া স্বাপেক্ষেই তাকে পরবর্তী সাক্ষাৎকারের জন্য মনোনীত করা হবে।

### ২.০ উদ্দেশ্য ও লক্ষ্য ঃ

এপেক্স হোল্ডিংস্ লিমিটেড কোম্পানীর অভ্যন্তরে শিশুশ্রম মুক্ত কর্মপরিবেশ গড়ে তোলাই এই নীতিমালার উদ্দেশ্য। কারখানার অভ্যন্তরে শিশুশ্রম নিরসন ও প্রতিরোধ করার জন্য একটি সুনির্দিষ্ট "শিশুশ্রম নীতি" প্রনয়ন করা হয়েছে। এপেক্স কর্তৃপক্ষ কখনও প্রচলিত আইনের বিরুদ্ধে কোন প্রকার নিয়োগে উৎসাহিত করে না। এছাড়া এ প্রতিষ্ঠান যে কোন প্রকার শিশুশ্রম হইতে সম্পূর্ন মুক্ত রাখতে এই প্রতিষ্ঠান বদ্ধপরিকর এবং ইহা বাস্তবায়ন করা এই নীতির লক্ষ্য।

### ৩.০ আওতা ঃ

এই নীতিমালা এপেক্স হোল্ডিংস লিঃ এর ব্যবস্থাপনায় পরিচালিত উপরোল্লিখিত কারখানাসমূহের সকল কর্মস্থলে বা পন্য উৎপাদন এলাকার জন্য এবং ভবিষ্যতে যদি একই ব্যবস্থাপনায় নতুন কোন প্রতিষ্ঠান গঠিত হয় তাহলে সেই প্রতিষ্ঠানেও সমভাবে প্রযোজ্য হবে। প্রতিষ্ঠানের সকল শ্রমিক, কর্মচারী ও কর্মকর্তাগণ তাদের স্ব-স্ব অবস্থানে থেকে কারখানায় উৎপাদনের সকল স্তরে এই নীতিমালা মেনে চলতে বাধ্য থাকবে।

### ৪.০ অঙ্গীকার ঃ

কর্মক্ষেত্রে কোন শিশুশ্রমিক নিয়োগ বা কোন শিশুশ্রমিক কর্তৃক কোন কাজ সম্পাদনের কোন অভিযোগ উত্থাপিত হলে এপেক্স হোল্ডিংস্ লিমিটেড কর্তৃপক্ষ তা প্রতিকারের জন্য দৃঢ় প্রতিজ্ঞ ও অঙ্গিকারবদ্ধ। এই নীতিমালা বাস্তবায়নে রাষ্ট্রীয় ও আন্তর্জাতিক আইন লজ্ঘন না করে ক্ষেত্রবিশেষে ক্রেতাদের আচরণবিধি (COC) ও নিয়মও মানা হতে পারে । এপেক্স হোল্ডিংস্ লিমিটেড এই নীতি কার্যকর করতে আইএলও কনভেনশন, বাংলাদেশ শ্রম আইন ২০০৬, বাংলাদেশ শ্রম বিধিমালা ২০১৫ এবং গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংবিধান যথাযথ ভাবে অনুসরন করবে।

| Prepared By | Reviewed By | Approved By |
|---|---|---|
| **Md. Azibul Haque** | **Md. Harun or Rashid** | **Eifaz Ahmed** |
| Deputy Manager | DGM Compliance | Director |

APEX HOLDINGS LIMITED GAZIPUR

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| প্রথম অনুমোদনের তারিখ | : | ০১-ডিসেম্বর-২০১৩ | পলিসি নং | : | ০০৪ | সংস্করণ নং | : | ০৫ |
| রিভিশন নং | : | ০৯ | রিভিউ তারিখ | : | ০১-ডিসেম্বর-২০২২ | কার্যকর তারিখ | : | ০১-ডিসেম্বর-২০২২ |
| পরবর্তী রিভিউ তারিখ | : | ০১-ডিসেম্বর-২০২৩ | | | | | | |

Apex Holdings Limited
Shanta Skymark, Levels: 8th-13th,18 Gulshan Avenue, Dhaka-1212
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850

AHL/Admin/CLP/001/0170

# শিশু শ্রম নীতিমালা

## CHILD LABOR POLICY

### ৫.০ শিশু ও কিশোর নিয়োগে বাধা-নিষেধ (বাংলদেশ শ্রম আইন ২০০৬, ধারা-৩৪) ঃ

৫.১ কোন পেশায় বা প্রতিষ্ঠানে কোন শিশুকে নিয়োগ করা যাবে না বা কাজ করতে দেয়া যাবে না।

কোন পেশায় বা প্রতিষ্ঠানে কোন কিশোরকে নিয়োগ করা যাইবে না বা কাজ করিতে দেওয়া যাইবে না, যদি না-

(ক) বিধি দ্বারা নির্ধারিত ফরমে একজন রেজিষ্টার্ড চিকিৎসক কর্তৃক তাহাকে প্রদত্ত সক্ষমতা মালিকের হেফাজতে থাকে, এবং

(খ) কাজে নিয়োজিত থাকা কালে তিনি উক্ত প্রত্যয়ন পত্রের উল্লেখ সম্বলিত একটি টোকেন বহন করেন।

৫.২ কোন পেশা বা প্রতিষ্ঠানে কোন কিশোর শিক্ষাধীন হিসাবে অথবা বৃত্তিমূলক প্রশিক্ষনের জন্য নিয়োগের ক্ষেত্রে উপ-ধারা (২) এর কিছুই প্রযোজ্য হবে না।

৫.৩ সরকার যদি মনে করে যে, কোন জরুরী অবস্থা বিরাজমান এবং জনস্বার্থে ইহা প্রয়োজন, তাহলে সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, উহাতে উল্লেখিত সময়ের জন্য উপ-ধারা (২) এর প্রয়োগ স্থগিত ঘোষনা করতে পারবে।

### ৬.০ শিশু শ্রমিক নিয়োগ প্রতিরোধ বিবেচ্য বিষয় ঃ

(ক) ১৪ বছরের নীচে কোন শ্রমিক নিয়োগ করা যাবে না । **১৪ বছরের নিচে সকলকেই শিশু হিসাবে গণ্য করা হবে।**

(খ) নিয়োগ কার্যক্রমে দায়িত্ব প্রাপ্ত ব্যাক্তিদের প্রশিক্ষন প্রদান করা হবে এবং যথাযথ ভাবে মানবসম্পদ বিভাগের কর্মকর্তা ও রেজিস্টার চিকিৎসক দ্বারা বয়স যাচাই করা হবে।

(গ) নিয়োগের সময় তার বয়স যাচাই করার জন্য জাতীয় পরিচয় পত্র/ জন্ম নিবন্ধন/ পাসপোর্ট এবং শিক্ষাগত যোগ্যতার সনদপত্র যাচাই করা হবে। এছাড়া রেজিস্টার চিকিৎসক কর্তৃক তার বয়স যাচাই করা হবে।

### ৭.০ কিশোর শ্রমিক নিয়োগে বাধ্যবাধকতা ঃ

এপেক্স হোল্ডিংস্ লিমিটেড কাজের সক্ষমতা ও বয়স যাচাই করে শ্রমিক নিয়োগ করে থাকেন। যদি কিশোর শ্রমিক নিয়োগ করা প্রয়োজনে হয় তাহলে, রেজিস্টার্ড চিকিৎসক কর্তৃক তাহার সক্ষমতার প্রত্যয়ন পূর্বক নিম্নবর্ণিত পদক্ষেপসমূহ অনুসরন করা হবে-

**৭.১ কিশোর শ্রমিক ঃ ১৪ বছর পূর্ণ হইয়াছে কিন্তু ১৮ বছর পূর্ণ হয় নাই তাহাকে কিশোর হিসেবে গণ্য করা হইবে - বাংলদেশ শ্রম আইন ২০০৬, ধারা-২(৮)।**

৭.২ কোন কিশোর শ্রমিককে দিয়ে কারখানায় দৈনিক ৫ (পাঁচ) ঘন্টার অধিক এবং সপ্তাহে ৩০ (ত্রিশ) ঘন্টার অধিক কাজ করানো হবে না।

৭.৩ কিশোর শ্রমিককে সন্ধ্যা ৭:০০ ঘটিকা হইতে সকাল ৭:০০ ঘটিকার মধ্যবর্তী সময়ে কোন কাজ করানো হবে না।

৭.৪ কিশোর শ্রমিকের সম্মতিক্রমে যদি তাহাকে দিয়ে অধিককাল কাজের প্রয়োজন হয়, তবুও তাহার মোট কাজের সময় সপ্তাহে ৩৬ (ছত্রিশ) ঘন্টার অধিক হবে না ।

৭.৫ কিশোর শ্রমিককে কেবলমাত্র একটি রীলেতে নিয়োগ দেওয়া হবে।

৭.৬ বাংলাদেশ শ্রম আইনের সাপ্তাহিক ছুটি সংক্রান্ত বিধান কিশোর শ্রমিকের জন্য প্রযোজ্য হবে।

**Apex Holdings Limited**
Shanta Skymark, Levels: 8th-13th,18 Gulshan Avenue, Dhaka-1212
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850

AHL/Admin/CLP/001/0170

# শিশু শ্রম নীতিমালা

## CHILD LABOR POLICY

৭.৮ কর্মঘন্টার নোটিশ বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নোটিশ বোর্ডে প্রদর্শন করা হবে।

৭.৯ ঝুঁকিপূর্ণ ও বিপদজনক যন্ত্রপাতির কাজে কিশোর শ্রমিককে নিয়োগ করা হবে না।

৭.১০ কিশোর শ্রমিকের জন্য একটি আলাদা রেজিষ্টার সংরক্ষণ করা হবে।

৭.১১ কারখানার যন্ত্রপাতি চালু অবস্থায় উহা পরিষ্কারের জন্য, উহাতে তেল প্রদানের জন্য বা উহাকে সুবিন্যস্ত করার জন্য বা উক্ত চালু যন্ত্রপাতির ঘূর্ণায়মান অংশগুলির মাঝখানে কোন কিশোরকে কাজ করতে অনুমতি দেয়া যাবে না।

৭.১২ কোন কিশোরকে দিয়ে যন্ত্রপাতির কোন কাজ করানো যাবে না, যদি না-তাকে উক্ত যন্ত্রপাতি সংক্রান্ত বিপদ সম্পর্কে এবং এই ব্যাপারে সাবধানতা অবলম্বন সংক্রান্ত সম্পূর্ণভাবে ওয়াকেবহাল করানো হয়। তিনি যন্ত্রপাতিতে কাজ করার জন্য যথেষ্ট প্রশিক্ষণ গ্রহন করিয়াছেন, অথবা যন্ত্রপাতি সংক্রান্ত অভিজ্ঞ এবং পুরোপুরি জ্ঞানসম্পন্ন ব্যাক্তির তত্ত্বাবধানে কাজ করেন। (এইগুলি এমন বিপজ্জনক যে কোন কিশোরের পক্ষে কাজ করা উচিত নহে এবং সরকার সময়ে সময়ে গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে অত্যন্ত ঝুকিপূর্ণ কাজের যে তালিকা প্রকাশ করবে ঐ সকল কাজে কোন কিশোরকে নিয়োগ করা যাবে না।)

৭.১৩ ১৮ বছরের কম বয়সী কোন শ্রমিককে জোর করে কোন কাজে নিয়োগ, অশ্লীলতা বা অবৈধ ক্রিয়াকলাপে জন্য জোর বা চাপ প্রয়োগ বা তাদেরকে শারীরিক, মানসিক বা যৌন নির্যাতন করা যাবে না ।

## ৮.০ শিশু শ্রমিক প্রতিকার মূলক ব্যবস্থা ( Child remediation procedure) ঃ

**এপেক্স হোল্ডিংস লিমিটেড কর্তৃপক্ষ কখনই শিশু শ্রমিক নিয়োগ করে না। যদি ভুলক্রমে শিশু শ্রমিক নিয়োগ করা হয় এবং তা পরবর্তীতে সনাক্ত হয়, সেক্ষেত্রে নিম্নবর্ণিত পদক্ষেপসমূহ অনুসরন করা হবে -**

৮.১ ভূলক্রমে কাজে নিয়োজিত শিশুকে তত্ক্ষণাৎ প্রত্যাহার করতে হবে। তাকে নিরাপদ স্থানে ফিরিয়ে এনে তার নিরাপত্তা নিশ্চিত করতে হবে।

৮.২ শিশুকে তার পিতামাতা অথবা আইনগত অভিভাবককের নিকট অনতিবিলম্বে সোপর্দ করতে হবে।

৮.৩ উক্ত শিশুর স্কুলের বই, খাতা-পত্র, স্কুলের বেতন ভাতা এবং আনুষাঙ্গিক খরচ কারখানা কর্তৃপক্ষ বহন করবে।

৮.৪ উক্ত শিশু শ্রমিককে কাজে নিযুক্ত না করিলেও মাসিক হারে একটি ভাতা/বৃত্তি প্রদান করা হবে।

৮.৫ শিশুর পরিবারের কেউ কর্মক্ষম ও যোগ্য হলে কোম্পানী তাকে চাকুরী প্রদানের ক্ষেত্রে বিবেচনা করবে।

৮.৬ শিশু শ্রমিককে কারখানায় কোন কাজে নিযুক্ত করা হবে না, তবে বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর ধারা-৪৪ অনুযায়ী তাহার বয়স যদি ১৪ বছরের অধিক হয় সেক্ষেত্রে তাহাকে হালকা কোন কাজে নিয়োগ করা যাইবে, যাহা তাহার স্বাস্থ্য ও উন্নতির জন্য বিপদজ্জনক নহে অথবা যাহা তাহার শিক্ষা গ্রহনকে বিঘ্নিত করবে না। শিশু যদি বিদ্যালয়গামী হয় তাহলে তার কর্মসময় এমনভাবে নির্ধারণ করতে হবে যেন ইহা তার বিদ্যালয় গমনকে বিঘ্নিত না করে। শিশু শ্রমিককে কাজে নিযুক্ত করার ক্ষেত্রে বাংলাদেশ শ্রম আইন ২০০৬-এর কিশোর শ্রমিক সংক্রান্ত সকল বিধান প্রযোজ্য হবে।

৮.৭ শিশু শ্রমিকের তথ্য একটি আলাদা রেজিষ্টারে সংরক্ষণ করতে হবে।

**Apex Holdings Limited**

Shanta Skymark, Levels: 8th-13th,18 Gulshan Avenue, Dhaka-1212
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850


AHL/Admin/CLP/001/0170

# শিশু শ্রম নীতিমালা

## CHILD LABOR POLICY

## ৯.০ অর্গানাইজেশন

### ৯.১ বাস্তবায়নকারী দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গ ঃ




### ৯.২ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের দায়িত্ব ও কর্তব্য ঃ

#### ৯.২.১ বিভাগীয় প্রধান (এডমিন এন্ড এইচ আর) (কর্পোরেট) ঃ

- এপেক্স হোল্ডিংস্ লিমিটেড এর বিভাগীয় প্রধান (এডমিন এন্ড এইচ আর) কোম্পানীর শিশুশ্রম নীতি বাস্তবায়নের প্রধান দায়িত্বে থাকিবেন।
- উক্ত পলিসি সংশোধন, পরিমার্জন, নবায়ন এবং অনুমোদন সংক্রান্ত চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ।

#### ৯.২.২ ব্যবস্থাপক (এডমিন এন্ড এইচ আর-কারখানা) ঃ

- শিশুশ্রম সংক্রান্ত নীতি প্রণয়ন ও তার বাস্তবায়নে পদক্ষেপ গ্রহণ।
- নিয়োগের ক্ষেত্রে শিশুশ্রম সংক্রান্ত কোন অভিযোগ উত্থাপিত হলে তা পর্যালোচনা করা।
- প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে তদন্ত কমিটি গঠন এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ।

#### ৯.২.৩ বিভাগীয় প্রধান (কম্প্লায়েন্স) ঃ

- উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ ও অনুমতি সাপেক্ষে শিশুশ্রম নিরসনে ও শ্রমিকদের এ বিষয়ে সচেতনতা বৃদ্ধিকল্পে প্রচারনামূলক পদক্ষেপ গ্রহণ করা।
- নিয়মিত মিড-লেভেল মেনেজম্যান্ট এবং সুপারভাইজরদের সাথে মতবিনিময় করা।
- প্রতি দুইমাস আন্তর ট্রেড ইউনিয়নের সদস্য এবং অংশগ্রহণকারী কমিটির সদস্যদের সাথে মতবিনিময় করা এবং উধ্বর্তন কর্তৃপক্ষের নিকট মতামত ও সমস্যা সমূহ সমাধানের জন্য প্রেরণ করা।

#### ৯.২.৪ নির্বাহী (এডমিন এন্ড এইচ আর) ঃ

- শ্রমিক নিয়োগের সময় যথাযথভাবে নিয়োগ নীতি অনুসরন করবে।
- ফ্লোর থেকে প্রাপ্ত অভিযোগ তাৎক্ষনিক সমাধান করা এবং প্রয়োজনে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাহায্য গ্রহণ।

Apex Holdings Limited
Shanta Skymark, Levels: 8th-13th,18 Gulshan Avenue, Dhaka-1212
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850

AHL/Admin/CLP/001/0170

# শিশু শ্রম নীতিমালা

## CHILD LABOR POLICY

### ৯.২.৫ কল্যাণ কর্মকর্তা ঃ

- ফ্লোর মনিটরিং করা।
- শ্রমিক, ট্রেড ইউনিয়নের প্রতিনিধি, বিভাগীয় প্রধান এবং সুপারভাইজরদের সাথে যোগাযোগ রক্ষা করা।
- শিশুশ্রম নীতি সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে সতর্কীকরণ ও প্রশিক্ষন প্রদান।
- শিশুশ্রম সংক্রান্ত কোন অনুযোগ/অভিযোগ পাওয়া গেলে তা তাৎক্ষণিক ক্ষতিয়ে দেখা, সমাধান করা এবং
- সমস্যাগুলো উধ্বর্তন কর্তৃপক্ষের নিকট উপস্থাপন এবং মাসে একবার সংশ্লিষ্ট সকলের সাথে মত বিনিময় করা।

### ৯.২.৬ নিরাপত্তা বিভাগ ঃ

- নিরাপত্তা বিভাগের সদস্যগন ফ্যাক্টরীর প্রধান গেটে নিশ্চিত করবে যে কারখানায় কোন শিশু শ্রমিক প্রবেশ করে নাই। এই জাতীয় কোন সমস্যার উদ্ভব হলে তৎক্ষনাত প্রশাসনিক বিভাগে জানাতে হবে এবং প্রশাসনিক বিভাগের দেয়া নির্দেশনা অনুযায়ী পরবর্তি পদক্ষেপ নিতে হবে।

### ৯.২.৭ মেডিকেল বিভাগ ঃ

- কারখানার নিয়োগকৃত রেজিষ্টার্ড চিকিৎসক শ্রমিক নিয়োগের সময় প্রত্যেকটি প্রার্থীকে আলাদাভাবে যাচাই বাছাই করবে এবং শারীরিক সক্ষমতা ও বয়স নিরুপনের ফরম পূরণ করে স্বাক্ষর ও সীল সম্বলীত সনদ প্রদান করবে।

### ৯.২.৮ বিভাগীয় প্রধান (সংশ্লিষ্ট বিভাগ) ঃ

- নিয়োগ সংক্রান্ত কাজে সংশ্লিষ্ট সকল বিভাগীয় প্রধানগন ও কর্মকর্তারা কোম্পানীর শিশুশ্রম নীতি বাস্তবায়নের জন্য বিভাগীয় প্রধান (এডমিন এন্ড এইচ আর) কে সহযোগীতা করবেন এবং সংশ্লিষ্ট সকলে নিশ্চিত করিবে যে কারখানায় কোন শিশু শ্রমিক নেই।

## ১০.০ নীতি বাস্তবায়ন করার রুটিন ও কর্মপদ্ধতি ঃ

| কাজ | বাস্তবায়ন প্রক্রিয়া | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা | বাস্তবায়নের সময় |
|---|---|---|---|
| ১০.১ শিশু শ্রমকে প্রতিষ্ঠানে অনুমোদন না করা। | নিয়োগ নীতির অনুমোদন ও সঠিক বাস্তবায়নের মাধ্যমে। | বিভাগীয় প্রধান (এইচ আর, এডমিন) | সব সময় |
| ১০.২ শ্রমিক-কর্মচারী নিয়োগের সময় বাধা-নিষেধ মেনে চলা। | নিয়োগের সময় ৫.০ এর নির্দেশনা মেনে নিয়োগ প্রদান করা হবে। | বিভাগীয় প্রধান (এইচ আর ও এডমিন) এবং নিয়োগ প্রদানকারী দল | নিয়োগর সময় |
| ১০.৩ শিশু শ্রমিক নিয়োগ প্রতিরোধ | নিয়োগের সময় ৬.০ এর নির্দেশনা অনুযায়ী প্রশিক্ষন প্রদান ও যথাযথ উপায়ে বয়স যাচাই করা হবে। | বিভাগীয় প্রধান (এইচ আর ও এডমিন) এবং নিয়োগ প্রদানকারী দল | নিয়োগর সময় |
| ১০.৪ কিশোর শ্রমিক | যদি প্রয়োজনে কিশোর শ্রমিক নিয়োগ করা হয় সেক্ষেত্রে | বিভাগীয় প্রধান | নিয়োগর |

Apex Holdings Limited
Shanta Skymark, Levels: 8th-13th,18 Gulshan Avenue, Dhaka-1212
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850

AHL/Admin/CLP/001/0170

# শিশু শ্রম নীতিমালা

## CHILD LABOR POLICY

| | | | |
|---|---|---|---|
| নিয়োগে বাধ্যবাধকতা। | ৭.০ অনুযায়ী প্রয়োজনীয় কাজের পরিবেশ ও সুযোগ-সুবিধা নিশ্চিত করা হবে। | (এইচ আর ও এডমিন) এবং নিয়োগ প্রদানকারী দল | সময় |
| ১০.৫ শিশু শ্রমিক প্রতিকার মূলক ব্যবস্থা। | কারখানায় শিশু শ্রম সম্পূর্ন নিষিদ্ধ। তথাপি যদি ভূলক্রমে নিয়োগ করা হয়ে থাকে তবে, ৮.০ অনুযায়ী পদক্ষেপ গ্রহন করা হবে। | বিভাগীয় প্রধান (এইচ আর ও এডমিন) এবং নিয়োগ প্রদানকারী দল | নিয়োগের সময় |
| ১০.৬ নিরাপত্তা বিভাগ দ্বারা শিশু শ্রমিক প্রবেশ প্রতিরোধ। | কারখানায় পরিদর্শন বা অন্য কোন উদ্দেশ্যে শিশু শ্রমিক প্রবেশ নিষেধ।<br>নিরাপত্তা বিভাগের সদস্যগন ফ্যাক্টরীর প্রধান গেটে নিশ্চিত করবে যে, কারখানায় কোন শিশু শ্রমিক প্রবেশ করে নাই ।<br>এই জাতীয় কোন সমস্যার উদ্ভব হলে তত্ক্ষনাৎ প্রশাসনিক বিভাগে জানাতে হবে এবং প্রশাসনিক বিভাগের দেয়া নির্দেশনা অনুযায়ী পরবর্তী পদক্ষেপ গ্রহন করা হবে। | নিরাপত্তা বিভাগ | কারখানা চালুকালীন |

## ১১.০ যোগাযোগ পদ্ধতি ঃ

| কাজ | বাস্তবায়ন প্রক্রিয়া | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা | বাস্তবায়নের সময় |
|---|---|---|---|
| ১১.১ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সাথে যোগাযোগ।<br>(সহকারী মহাব্যবস্থাপক থেকে পরিচালক পর্যন্ত) | জেনারেল মিটিং এ আলোচনার মাধ্যমে অথবা ই-মেইলের মাধ্যমে অবহিত করতে হবে এবং সভার কার্য বিবরনী সংযোজন করে তা সংরক্ষণ করতে হবে। | বিভাগীয় প্রধান (এইচ আর এন্ড এডমিন) | নিয়মিত |
| ১১.২ দায়িত্ব প্রাপ্ত দলে/ নিয়োগ দলের সাথে যোগাযোগ। | সাধারণ মিটিং এর মাধ্যমে সবাইকে অবগত করা হবে এবং প্রত্যেকে এই পলিসি বুঝেছে এই মর্মে স্বাক্ষর গ্রহণ। | বিভাগীয় প্রধান (এইচ আর এন্ড এডমিন) | নীতিমালা প্রনয়ন হওয়ার পর। |
| ১১.৩ কারখানার সকল কর্মকর্তা ও উৎপাদন স্টাফদের নীতিমালা সম্পর্কে অবহিত করা। | সাধারণ মিটিং/ প্রশিক্ষন, নোটিশ বোর্ড ও পি.এ সিসটেম এর মাধ্যমে সবাইকে অবগত করা হবে। তাছাড়াও শিশুশ্রম নীতি বাস্তবায়ন পদ্ধতি সম্পর্কে ধারণা প্রদান করা হবে। | ব্যবস্থাপক ( এইচ আর এন্ড এডমিন )<br>ও<br>কল্যাণ কর্মকর্তা | প্রতি বছরে কমপক্ষে একবার |
| ১১.৪ বিদ্যমান শ্রমিকদের নীতিমালা সম্পর্কে অবহিত করা। | নোটিশ বোর্ড ও পি.এ সিস্টেম এবং প্রশিক্ষনের মাধ্যমে শ্রমিক-কর্মচারীদের শিশু শ্রমিক নীতি সম্পর্কে অবহিত করা হবে। | ব্যবস্থাপক (প্রশাসন) ও কল্যান কর্মকর্তা/ নির্বাহী-প্রশাসন | প্রতি বছরে কমপক্ষে একবার |

Apex Holdings Limited
Shanta Skymark, Levels: 8th-13th,18 Gulshan Avenue, Dhaka-1212
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850

AHL/Admin/CLP/001/0170

# শিশু শ্রম নীতিমালা

## CHILD LABOR POLICY

| | | | |
|---|---|---|---|
| ১১.৫ নতুন কর্মীদের নীতিমালা সম্পর্কে অবহিত করা। | ওরিয়েনটেশন, রিফ্রেশার ট্রেনিং, নোটিশ বোর্ড ও পি.এ সিস্টেম এ নীতি সম্পর্কে ধারণা প্রদান করা করা হবে। | ব্যবস্থাপক (প্রশাসন) ও কল্যান কর্মকর্তা/ নির্বাহী-প্রশাসন | নিয়মিত |
| ১১.৬ শিশু শ্রমিক নীতি কারখানার নোটিশ বোর্ডে দেওয়া হবে। | নোটিশ বোর্ডে টানানো নীতি পড়ে শ্রমিক-কর্মচারী ও কর্মকর্তাবৃন্দ উক্ত নীতির কারণ, বাস্তবায়ন ইত্যাদি বিষয়ে অবগত হতে পারবেন। | ব্যবস্থাপক(প্রশাসন) কল্যান কর্মকর্তা/ নির্বাহী | নিয়মিত |

## ১২.০ ফিডব্যাক, কন্ট্রোল ও রিভিউ ঃ

| ফিডব্যাক এবং কন্ট্রোল | কার্য পদ্ধতি | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা | সময় সীমা |
|---|---|---|---|
| ১২.১ ইন্টারনাল অডিট/ মনিটরিং | ১. শ্রমিদের সাক্ষাৎকার গ্রহণ, ডকুমেন্ট রিভিউ<br>২. মিড লেভেল মেনেজমেন্টের সাক্ষাতকার।<br>৩. সম্পূর্ন নিয়োগ পদ্ধতি পর্যবেক্ষন এবং নিশ্চিত করণ যে নিয়োগ প্রক্রিয়ার কোন ধাপে শিশুশ্রমিক প্রবেশ করতে পারেনি।<br>৪. শ্রমিক নিয়োগ সম্পর্কিত নথি চেক করা। | ইন্টারনাল অডিট টিম/ কারখানা কমপ্লায়েন্স কর্মকর্তা | প্রতি ছয় মাসে একবার |
| ১২.২ রিপোর্টিং | ইন্টারনাল অডিট/ মনিটরিং হতে প্রাপ্ত বিষয়াদি নিয়ে একটি রিপোর্ট তৈরী করা হবে। উধ্বর্তন কর্তৃপক্ষকে উক্ত বিষয় জানাতে হবে। | ব্যবস্থাপক(প্রশাসন) ও কারখানা কমপ্লায়েন্স কর্মকর্তা | ইন্টারনাল অডিট সম্পন্ন করার পর |
| ১২.৩ নিয়ন্ত্রন | প্রতি ছয় মাসে অন্তত একবার কল্যাণ কর্মকর্তা ফ্লোরে একটি চেক লিস্ট দ্বারা এসেসমেন্ট করবে। | ব্যবস্থাপক(প্রশাসন) ও কল্যাণ কর্মকর্তা | সব সময় |
| ১২.৪ প্রতিকার | এক্ষেত্রে এসেসমেন্ট এর মাধ্যমে প্রাপ্ত ফলাফল অনুযায়ী সকল রকম শিশুশ্রম বন্ধের লক্ষ্যে কর্তৃপক্ষ যেকোন সময় বিদ্যমান নীতিতে যদি সিস্টেম বা পক্রিয়াগত কোন পরিবর্তন প্রয়োজন হয় সেক্ষেত্রে সকল দেশীয় আইনের সাথে সঙ্গতি রাখিয়া যেকোন ধরনের পরিবর্তন, পরিমার্জন, পরিবর্ধন, সংযোজন অথবা বিয়োজন করিতে পারিবে। | বিভাগীয় প্রধান (এইচ আর এন্ড এডমিন) | সব সময় |
| ১২.৫ রিভিউ | নীতিমালা রিভিউ টিম প্রতি বছরে কমপক্ষে একবার এই নীতিমালা রিভিউ করবেন। এছাড়াও বিদ্যমান কোন আইন বা বিধি-বিধান পরিবর্তন / নতুন ভাবে প্রনয়ন করা হলে, সে অনুযায়ী এই নীতিমালা রিভিউ করা হবে। | নীতিমালা রিভিউ টিম | বছরে কমপক্ষে একবার |